গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা
ঢাকা
www.nbr.gov.bd

নম্বরঃ ০৮.০১.০০০০.০১৩.১০.০০৪-২০১৭/৬০২

তারিখঃ ০১ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
১৬ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর স্মারক নং-৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২১০৫.১৬-১৭২, তারিখঃ ১৫/০৫/২০১৭ খ্রিঃ এর ১নং অনুচ্ছেদে সুপারিশকৃত ২৮ (আটাশ) জন প্রার্থীর মধ্যে মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশপ্রাপ্ত ২১ (একুশ) জন প্রার্থীকে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০ম গ্রেড টাকা ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০ বেতনক্রমে জাতীয় রাজস্ব বোর্ডের অধীন শুল্ক, আবগারী ও ভ্যাট অনুবিভাগে সহকারী রাজস্ব কর্মকর্তা পদে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো ঃ

(ক) তাঁকে শুল্ক, আবগারী ও ভ্যাট ট্রেনিং একাডেমীতে অথবা সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে/দপ্তরে অন্যূন ০৩(তিন) মাসের বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে, প্রয়োজনবোধে কর্তৃপক্ষ এ প্রশিক্ষণের মেয়াদ বাড়াতে বা কমাতে পারবে;

(খ) উক্ত প্রশিক্ষণ সমাপনান্তে তাঁকে তাঁর চাকুরির সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কর্তৃপক্ষ যেরূপ স্থির করবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাঁকে ২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) তাঁর শিক্ষানবিশি মেয়াদ পূর্তির পর নিয়োগকারী কর্তৃপক্ষ যদি এ মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশি মেয়াদে তাঁর আচরণ ও কর্ম সন্তোষ জনক ছিল এবং তিনি উপানুচ্ছেদ (ক) এর অধীন নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন এবং প্রশিক্ষণ সফলতার সাথে সমাপ্ত করেছেন এবং অন্যান্য শর্তাদি পূরণ করেছেন তা হলে এ পদে তাঁর নিয়োগ স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ (ক) এ উল্লেখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে-এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ বছরের মধ্যে চাকুরি হতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট / প্রশিক্ষণের জন্য নির্ধারিত দপ্তরে তাঁকে এ বন্ড দাখিল করতে হবে;

(চ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ Public Demand Recovery Act, 1913 এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী তাঁর বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত মেধাক্রম অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অংগীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকুরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড দাখিল করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে;

(ট) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ড) মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশপ্রাপ্ত ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গেজেট সংশোধনের পরামর্শ সম্বলিত প্রত্যয়নকৃত/সাময়িক প্রত্যয়নকৃত প্রার্থীর ক্ষেত্রে ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে অঙ্গিকারনামা দাখিল করতে হবে যে, তিনি মুক্তিযোদ্ধা কোটায় চাকুরি লাভ করেছেন এবং তাঁকে ০৬ (ছয়) নং কলামে বর্ণিত শর্তসমূহ (প্রযোজ্য ক্ষেত্রে) পূরণ করতে হবে। যদি তাঁর দাখিলকৃত মুক্তিযোদ্ধা সনদপত্র কখনো ভূয়া/জাল/মিথ্যা প্রমাণিত হয় তাহলে তাঁকে চাকুরি হতে অব্যাহতি প্রদান করা যাবে এবং তিনি রাষ্ট্রীয় কোষাগার হতে গৃহীত আর্থিক সুবিধাদি ফেরত দিতে বাধ্য থাকবেন।

(ঢ) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা পাবেন না।

০২। অনুচ্ছেদ-১ এ উল্লেখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০১/১১/২০১৭ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে পদায়নকৃত সংশ্লিষ্ট কমিশনারেটে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা মহোদয়কে সম্বোধনপূর্বক তিনি তাঁর যোগদানপত্র পদায়নকৃত কর্মস্থলে দাখিল করবেন। নির্ধারিত তারিখে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং অত্র নিয়োগপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হতে পারে।

০৩। পদের নাম ঃ সহকারী রাজস্ব কর্মকর্তা।

নিয়োগপ্রাপ্ত ঃ ২১ (একুশ) জন।

ক্রঃ/ নং	সুপারিশকৃত তালিকার ক্রমিক নং	রেজিঃ নং	নাম ও জন্ম তারিখ	নিজ জেলা	প্রযোজ্য শর্ত	পদায়নকৃত কর্মস্থল
১	২	৩	৪	৫	৬	৭
১.	৩	০২৭৮৫৬	মিজ মনিষা রানী কর্মকার জন্ম তারিখঃ ১৫/০৬/১৯৮৫	বরগুনা	সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদটি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিয়মিত প্রত্যয়নকরণ। উক্ত নিয়মিত প্রত্যয়নকরণ ব্যতীত চাকুরী স্থায়ীকরণ করা হবে না।	কাস্টম হাউস, ঢাকা।
২.	৪	০৪৩১৫০	জনাব মোঃ আসাদুজ্জামান জন্ম তারিখঃ ০২/০৪/১৯৮৯	নীলফামারী	---	কাস্টম হাউস, ঢাকা।
৩.	৫	০১১০৩৫	মিজ শাহনাজ শারমিন সিক্তা জন্ম তারিখঃ ০১/১১/১৯৯০	ঝিনাইদহ	সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদটি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিয়মিত প্রত্যয়নকরণ। উক্ত নিয়মিত প্রত্যয়ন ব্যতীত চাকুরী স্থায়ীকরণ করা হবে না।	কাস্টম হাউস, ঢাকা।
৪.	৬	০২৫৭৮৪	জনাব মোঃ এরশাদুর রহমান জন্ম তারিখঃ ৩০/১০/১৯৮৯	কুমিল্লা	---	কাস্টম হাউস, ঢাকা।
৫.	৭	০৭০৬৮৯	জনাব মোঃ ইমরান হোসেন জন্ম তারিখঃ ২৮/১২/১৯৮৫	কুষ্টিয়া	সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদটি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিয়মিত প্রত্যয়নকরণ। উক্ত নিয়মিত প্রত্যয়ন ব্যতীত চাকুরী স্থায়ীকরণ করা হবে না।	কাস্টম হাউস, ঢাকা।
৬.	৯	০০২৬৯১	মিজ নাঈমা মোস্তফা জন্ম তারিখঃ ২৪/০৮/১৯৯২	চাঁদপুর	সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদটি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিয়মিত প্রত্যয়নকরণ। উক্ত নিয়মিত প্রত্যয়নকরণ ব্যতীত চাকুরী স্থায়ীকরণ করা হবে না।	কাস্টম হাউস, চট্টগ্রাম।
৭.	১০	০৭১৬৯৮	মিজ শারমিন জাহান জন্ম তারিখঃ ০৮/১০/১৯৮৬	নোয়াখালী	সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নিজ নাম ও পিতার নামের পার্থক্য নিরসনকল্পে গেজেট সংশোধনকরণ। উক্ত সংশোধন ব্যতীত চাকুরী স্থায়ীকরণ করা হবে না।	কাস্টম হাউস, চট্টগ্রাম।
৮.	১১	২০০১৮৮	জনাব খোন্দকার মাহমুদুল হাসান জন্ম তারিখঃ ১৮/১২/১৯৯১	ফেনী	---	কাস্টম হাউস, চট্টগ্রাম।
৯.	১২	০৩৯৩৫৬	মিজ বেনজীন আক্তার জন্ম তারিখঃ ২২/১০/১৯৯০	বগুড়া	সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদটি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিয়মিত প্রত্যয়নকরণ। উক্ত নিয়মিত প্রত্যয়ন ব্যতীত চাকুরী স্থায়ীকরণ করা হবে না।	কাস্টম হাউস, চট্টগ্রাম।

ক্রঃ/ নং	সুপারিশ কৃত তালিকার ক্রমিক নং	রেজিঃ নং	নাম ও জন্ম তারিখ	নিজ জেলা	প্রযোজ্য শর্ত	পদায়নকৃত কর্মস্থল
১	২	৩	৪	৫	৬	৭
১০.	১৩	০৪৯২৫৬	জনাব মোঃ মাহমুদুল হাছান জন্ম তারিখঃ ২৭/১২/১৯৮৫	চাঁদপুর	সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদটি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিয়মিত প্রত্যয়নকরণ। উক্ত নিয়মিত প্রত্যয়ন ব্যতীত চাকুরী স্থায়ীকরণ করা হবে না।	কাস্টম হাউস, চট্টগ্রাম।
১১.	১৪	০৬৮০৪৯	জনাব খন্দকার মোশারফ হোসেন জন্ম তারিখঃ ০১/০৫/১৯৮৪	কুমিল্লা	সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদটি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিয়মিত প্রত্যয়নকরণ। উক্ত নিয়মিত প্রত্যয়ন ব্যতীত চাকুরী স্থায়ীকরণ করা হবে না।	কাস্টম হাউস, চট্টগ্রাম।
১২.	১৫	০৪৫৮৮৮	মিজ মাখনুন আরা জন্ম তারিখঃ ২৮/১২/১৯৮৬	মাগুরা	---	কাস্টম হাউস, বেনাপোল।
১৩.	১৯	০২৪২৪৪	জনাব ফরহাদ হোসেন জন্ম তারিখঃ ২০/১১/১৯৮৮	নীলফামারী	---	কাস্টম হাউস, বেনাপোল।
১৪.	২১	৪০০৩১৭	জনাব ইশতিয়াক আহসান জন্ম তারিখঃ ২১/১০/১৯৯২	যশোর	---	কাস্টম হাউস, বেনাপোল।
১৫.	২২	০১৮২৮১	জনাব মোঃ বদরুল আরিফিন ভূইয়া জন্ম তারিখঃ ৩১/১২/১৯৮৯	কুমিল্লা	সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদটি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিয়মিত প্রত্যয়নকরণ। উক্ত নিয়মিত প্রত্যয়ন ব্যতীত চাকুরী স্থায়ীকরণ করা হবে না।	কাস্টম হাউস, বেনাপোল।
১৬.	২৩	০৪৮৬৪৯	জনাব মোঃ আবু তাহের জন্ম তারিখঃ ২৫/১০/১৯৮৫	খুলনা	সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদটি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিয়মিত প্রত্যয়নকরণ। উক্ত নিয়মিত প্রত্যয়ন ব্যতীত চাকুরী স্থায়ীকরণ করা হবে না।	কাস্টম হাউস, বেনাপোল।
১৭.	২৪	০৪৪৮৯৭	জনাব অসীম কুমার পাল জন্ম তারিখঃ ১১/১২/১৯৮৫	বরিশাল	সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদটি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিয়মিত প্রত্যয়নকরণ। উক্ত নিয়মিত প্রত্যয়ন ব্যতীত চাকুরী স্থায়ীকরণ করা হবে না।	মোংলা কাস্টম হাউস, খুলনা।
১৮.	২৫	০১৯৯৫৩	জনাব মোঃ রাজিদার রহমান জন্ম তারিখঃ ২৭/১১/১৯৮৮	পঞ্চগড়	---	মোংলা কাস্টম হাউস, খুলনা।
১৯.	২৬	০২২৯২৯	জনাব মোঃ রাকিবুল হাসান জন্ম তারিখঃ ০২/০৯/১৯৮৯	সিরাজগঞ্জ	সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদটি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিয়মিত প্রত্যয়নকরণ। উক্ত নিয়মিত প্রত্যয়ন ব্যতীত চাকুরী স্থায়ীকরণ করা হবে না।	মোংলা কাস্টম হাউস, খুলনা।
২০.	২৭	০২৫১০২	জনাব মোঃ রুহুল কুদ্দুস জন্ম তারিখঃ ০১/০১/১৯৮৫	পাবনা	---	মোংলা কাস্টম হাউস, খুলনা।
২১.	২৮	২০৪৩০০	জনাব মোঃ শরফুদ্দীন জন্ম তারিখঃ ০৪/০৮/১৯৮৩	ঝিনাইদহ	---	মোংলা কাস্টম হাউস, খুলনা।

স্বাক্ষরিত/-
১৬/১০/২০১৭খ্রিঃ
(মোঃ নজিবুর রহমান)
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড

নম্বরঃ ০৮.০১.০০০০.০১৩.১০.০০৪-২০১৭/৬০২ (   )

তারিখঃ ০১ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ / ১৬ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১. চেয়ারম্যান, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সদস্য(শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৫. কমিশনার, কাস্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
৬. কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/আইসিডি/চট্টগ্রাম/মোংলা/বেনাপোল/পানগাঁও।
৭. কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম), ঢাকা/ চট্টগ্রাম/ কুমিল্লা /রাজশাহী/রংপুর/খুলনা/যশোর/সিলেট।
৮. কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা/শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা
৯. কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ঢাকা-২/চট্টগ্রাম/খুলনা।
১০. মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/মূসক নিরীক্ষা ও গোয়েন্দা অধিদপ্তর, ঢাকা/শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম

(৫–১০:) প্রার্থীদের যোগদান সংক্রান্ত সকল কাগজপত্র যোগদানের ০৭(সাত) কর্মদিবসের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণের জন্য সংশ্লিষ্ট কমিশনার/মহাপরিচালককে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১১. সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৩. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রাণালয়, তেজগাঁও, ঢাকা। (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
১৫. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর।
১৬. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কুমিল্লা।
১৭. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, শার্শা, যশোর।
১৮. ব্যক্তিগত সহকারী, সদস্য (শুল্ক ও ভ্যাট অনুবিভাগ এর সকল সদস্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৯. ব্যক্তিগত সহকারী, প্রথম সচিব (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২০. জনাব...
২১. ব্যক্তিগত নথি।

(খান মোঃ রেজা-উন-নবী)
দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-৩)
ফোনঃ ৯৩৫৬৪৬০
e-mail: nbr.cev3@gmail.com